দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 29 NOV 1988
পৃষ্ঠা 4 কলাম 1

022

# প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ক্লাস টেষ্টের নিয়ম শিথিল করা হয়েছে

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ক্লাস টেষ্ট সংক্রান্ত কতগুলো নিয়ম শিথিল এবং স্বল্পসংখ্যক নতুন নিয়ম গ্রহণ করেছে। এগুলোকে ছাত্রদের কাছে যুক্তিসঙ্গত ও গ্রহণযোগ্য করে তোলাই এর উদ্দেশ্য। খবর বাসস'র।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ক্লাস টেষ্টের জন্য দায়িত্ব নিতে বিভিন্ন বিভাগীয় প্রধানদের নির্দেশ দিয়েছেন এবং অবিলম্বে ক্লাসে যোগ দিতে ছাত্রদের প্রতি আহ্বান জানিয়েছেন।

বিশ্ববিদ্যালয় সূত্রে বলা হয়, কর্তৃপক্ষ বৃত্তির পরিমাণ বাড়ানোর প্রয়োজনীয়তা সম্পর্কে ভালভাবেই অবহিত রয়েছেন, কিন্তু ক্লাস টেষ্ট কখনো বাতিল করা হবে না।

ছাত্ররা অবশ্য তাদের দু'দফা দাবীতে (ক্লাস টেষ্ট বাতিল ও বৃত্তির পরিমাণ বৃদ্ধি) তাদের ধর্মঘট চালিয়ে যাচ্ছে।